

## তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ সম্পর্কিত তথ্যাদি

### বাংলাদেশ বেতার কর্তৃক জারীকৃত স্ব-উদ্যোগে তথ্য প্রকাশ সংক্রান্ত নির্দেশিকা

ভূমিকা : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে সরকারী, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী বা বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বিভিন্ন সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের জন্য প্রণীত তথ্য অধিকার আইন ২০০৯ বাংলাদেশের অবাধ তথ্য প্রবাহ এবং নাগরিকদের তথ্যে প্রবেশাধিকার বিষয়ে এক নতুন দিগন্তের সূচনা করেছে। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৪ ধারার বিধানমতে সকল কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার রয়েছে এবং কর্তৃপক্ষ নাগরিককে তথ্য প্রদানে বাধ্য। তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ অনুসারে সকল দপ্তর কর্তৃক স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

যৌক্তিকতা : সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর সার্বিক উন্নয়ন ও বিকাশের জন্য প্রয়োজনীয় পরিবেশ গড়ে তোলার মাধ্যমে তাদের অধিকার প্রতিষ্ঠা, ক্ষমতায়ন ও উন্নয়নের মূল-শ্রোতধারায় সম্পৃক্তকরণসহ আর্থ-সামাজিক উন্নয়ন, স্বাবলম্বিতা অর্জন, দক্ষ জনশক্তিতে রূপান্তর, সামাজিক-রাজনৈতিক-আইনগত সকল অধিকার সুরক্ষার তাদের সচেতন করে তোলায় বাংলাদেশ বেতার নেপথ্যে বিশাল ভূমিকা পালন করছে। তথ্য মন্ত্রণালয়ের অধীনে সরকারি সর্ববৃহৎ গণমাধ্যম হিসাবে দেশের শিল্প-সাহিত্য, কৃষ্টি, সংস্কৃতি ইত্যাদির সাথে জড়িত অসংখ্য জনগোষ্ঠীর সাথে বাংলাদেশ বেতারের সরাসরি সম্পর্ক রয়েছে। এছাড়া শ্রোতা হিসেবে রয়েছে আপামর জনগোষ্ঠী। ফলে বেতারের সকল কার্যক্রম, সেবা প্রদান পদ্ধতি, প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো, ব্যবস্থাপনা, পরিচালনা, সিদ্ধান্ত গ্রহণ প্রণালী, ক্ষমতা, প্রতিষ্ঠানের আর্থিক তথ্যাবলী ইত্যাদিসহ এর যাবতীয় তথ্যাবলী জানার অধিকার প্রত্যেক নাগরিকের রয়েছে এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণার্থে তথ্য অধিকার আইন ২০০৯ এর ৬ ধারার বিধান মতে বাংলাদেশ বেতার স্ব-উদ্যোগে নিম্নবর্ণিত তথ্য প্রকাশ করার অঙ্গীকার ব্যক্ত করছে।

#### ১। প্রাতিষ্ঠানিক তথ্য:

- আইনগত ভিত্তি
- আভ্যন্তরীণ প্রবিধানমালা
- দায়িত্ব এবং ক্ষমতা

#### ২। সংস্থা সম্পর্কিত তথ্য :

- সাংগঠনিক কাঠামো
- কর্মকর্তা/কর্মচারীদের তথ্য
- কর্মকর্তাদের নাম এবং যোগাযোগ বিষয়ক তথ্য

#### ৩। পরিচালনা সংক্রান্ত তথ্য :

- পরিকল্পনাসমূহ
- নীতিমালা
- কার্যক্রমসমূহ
- কার্যপ্রণালী
- কর্তৃত্ব অর্পণ
- প্রতিবেদন ও বিবরণী
- মনিটরিং এবং মূল্যায়ন
- অফিসে ব্যবহার্য অন্যান্য তথ্য উপাত্ত এবং অন্যান্য কৌশল

#### ৪। সিদ্ধান্ত ও কার্যক্রম :

- জনগণ উপকৃত হবে এরূপ সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ বিবরণ

৫। প্রদেয় সেবাসমূহ :

- প্রদেয় সেবাসমূহের বর্ণনা
- নির্দেশনাসমূহ
- পুস্তিকা ও প্রচারপত্র
- বিভিন্ন ফরম
- ফি/ভাড়া সংক্রান্ত এবং ডেডলাইন বিষয়ক তথ্য

৬। আর্থিক বিষয়াদি :

- অনুমোদিত প্রস্তাবিত বাজেট
- প্রকৃত আয় এবং ব্যয় সংক্রান্ত (বেতন ও ভাতা সহ) তথ্য
- অন্যান্য অর্থ সম্পর্কীয় বিষয়
- নিরীক্ষা প্রতিবেদন

৭। উন্মুক্ত সভার তথ্য :

- সভার তথ্য
- উন্মুক্ত সভা এবং কিভাবে এই সভা হতে জনগণ উপকৃত হয় তার তথ্য

৮। জনগণের অংশগ্রহণ এবং সিদ্ধান্ত গ্রহণ :

- সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতি
- সিদ্ধান্ত গ্রহণে জনগণের অংশগ্রহণ এবং পরামর্শ গ্রহণের প্রক্রিয়া

৯। ভর্তুকি সংক্রান্ত তথ্য :

- ভর্তুকি এবং সুবিধাভোগীদের নাম, ঠিকানা প্রাপ্ত সুবিধাদির পরিমাণসহ তথ্য
- উদ্দেশ্য
- পরিমাণ
- বাস্তবায়ন

১০। সরকারী ক্রয় সংক্রান্ত তথ্য :

- সরকারী ক্রয় সংক্রান্ত প্রক্রিয়ায় বিস্তারিত বিবরণ, বৈশিষ্ট্য এবং দরপত্র আহবান এবং গৃহীত সিদ্ধান্ত
- চুক্তি
- চুক্তি শেষ হবার পর প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত

১১। তালিকা, রেজিস্টার, উপাত্তসমূহ :

- তালিকা, রেজিস্টার এবং উপাত্তসমূহের তথ্য
- জনগণের এই সংক্রান্ত তথ্য প্রাপ্তির সহজ লভ্য উপায় যেমন-অনলাইন, সাইট পরিদর্শন ইত্যাদি

১২। তথ্য সংরক্ষণ সম্পর্কে তথ্য :

- যাবতীয় তথ্যের ক্যাটাগরি এবং ইনডেক্স
- তথ্য উপাত্তে সংরক্ষিত তথ্যের বিবরণ

১৩। প্রকাশনা সংক্রান্ত তথ্য :

- প্রকাশিত প্রকাশনার তথ্য
  - বিনামূল্যে সর্বসাধারণের জন্য পরিদর্শন যোগ্য প্রকাশনা এবং জনগণের নিকট উপযুক্ত মূল্যে বিক্রয়যোগ্য প্রকাশনার তথ্য

১৪। তথ্য অধিকার সম্পর্কে তথ্য :

- তথ্য প্রাপ্তির অধিকার এবং কিভাবে তথ্য পাওয়া যাবে তার তথ্য (আবেদন ফরম, আপীল ফরম এবং অভিযোগ ফরম ইত্যাদিসহ)
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের সাথে যোগাযোগের তথ্য
- আবেদনকারীর নাম এবং ঠিকানা
- তথ্য প্রাপ্তির আবেদনে তারিখসহ তথ্যেও ধরণ ও বিবরণ
- তথ্য চাহিদা প্রত্যাখ্যাত হলে আপীল আবেদন সম্পর্কিত বিষয়াদি
- তথ্য কমিশনে অভিযোগ দায়ের সংক্রান্ত তথ্যাদি
- তথ্য কমিশনের চূড়ান্ত সিদ্ধান্ত/আদেশ

১৫। জনগুরুত্বপূর্ণ বিষয়াদি :

- জনস্বার্থ সম্পর্কিত যে কোন তথ্য

১৬। বাংলাদেশ বেতার তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারায় বর্ণিত যেসব বিষয় প্রকাশ বাধ্যতামূলক নয় সেসব বিষয় সম্পর্কে কোন নাগরিককে তথ্য প্রদান করতে বাধ্য থাকিবে না।

বাংলাদেশ বেতার স্ব-উদ্যোগে তথ্য প্রকাশের জন্য নিম্নবর্ণিত উপায়গুলো অনুসরণ করবে :

তথ্য প্রকাশের মাধ্যমসমূহ : ওয়েবসাইট, বাৎসরিক প্রতিবেদন, সিটিজেন চার্টার, লিফলেট, ব্রশিয়ার, নিউজ লেটার, নোটিশ বোর্ড, প্রেস বিজ্ঞপ্তি ও অন্যান্য মাধ্যম।

বাংলাদেশ বেতারের কোন তথ্য প্রাপ্তির জন্য করণীয় বিষয়সমূহ :

১. তথ্যের জন্য আবেদন :

বাংলাদেশ বেতারের যে কোন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদান কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে।

১। নির্ধারিত ফরমে {তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা, ২০০৯) এর বিধি ৩ মতে ফরম 'ক'} তথ্য প্রাপ্তির আবেদন করতে হবে। পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

২) লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলের মাধ্যমে তথ্যের জন্য আবেদন করতে হবে।

৩। নির্ধারিত ফরম পাওয়া না গেলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করে সাদা কাগজে বা ইলেকট্রনিক মিডিয়া বা ই-মেইলে আবেদন করা যাবে।

- আবেদনকারীর নাম, ঠিকানা, ফোন নং, ফ্যাক্স নং, ই-মেইল ঠিকানা
- যে তথ্যের জন্য আবেদন করা হয়েছে উহার নির্ভুল ও স্পষ্ট বর্ণনা
- কোন পদ্ধতিতে তথ্য পেতে পারে আশ্রয়ী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করে, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য যে কোন অনুমোদিত পদ্ধতি।

## ২. দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদান কর্মকর্তার করণীয় :

দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদান কর্মকর্তা তথ্য আধিকার আইনের ৮ (১) ধারার অধীনে অনুরোধ প্রাপ্তির পর ৯ ধারার বিধানমতে ২০ কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

- একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ দিনের মধ্যে তথ্য সরবরাহ করবেন।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে তিনি সে অপারগতার কারণ উলেখ করে নির্ধারিত ফরমে { তথ্য আধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা, ২০০৯) এর বিধি ৫ মতে ফরম 'খ' (তথ্য সরবরাহের অপারগতার নোটিশ)} ১০ কর্মদিবসের মধ্যে অনুরোধকারীকে অবগত করবেন।
- তথ্যের জন্য আবেদনকারী ব্যক্তিকে তথ্যের জন্য নির্ধারিত ফিস/মূল্য {তথ্য আধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা, ২০০৯) এর বিধি ৮ মতে ফরম 'ঘ' (তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি) পরিশোধ করতে হবে। পরিশিষ্ট 'ঙ' দ্রষ্টব্য

## ৩. আপীল দায়ের :

কোন ব্যক্তি তথ্য আধিকার আইনের এর উপধারা (১) (২) বা এ নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে বা দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদান কর্মকর্তার কোন সিদ্ধান্ত সংক্ষুদ্ধ হলে :

- সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে { ফরম 'গ' আপীল আবেদন তথ্য আধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৬ দ্রষ্টব্য } আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করা যাবে। পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য
- আপীল কর্তৃপক্ষ যুক্তিসংগত কারণে এ সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।
- আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদান কর্মকর্তাকে নির্দেশ প্রদান করবেন।
- আপীল আবেদনটি গ্রহণযোগ্য না হলে খারিজ করে দিবেন।
- তথ্য প্রদানের জন্য আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হলে দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা ৯ ধারার বিধান মতে নির্ধারিত সময়সীমার মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

## ৪. অভিযোগ দায়ের :

কোন ব্যক্তি নিম্নলিখিত কারণে নির্ধারিত ফরমে তথ্য কমিশনে প্রধান তথ্য কমিশনার বরাবরে অভিযোগ করতে পারবেন। [ফরম 'ক' { অভিযোগ দায়ের ফরম তথ্য আধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধান মালার } প্রবিধান ৩(১)] পরিশিষ্ট 'গ' দ্রষ্টব্য।

- ধারা ১৩ এর উপধারা (১) উল্লিখিত কারণে তথ্য প্রাপ্ত না হলে।
- ধারা ২৪ এর অধীনে আপীলের সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হলে।
- ধারা ২৪ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য প্রাপ্তি বা তথ্য প্রাপ্তি সংক্রান্ত প্রাপ্ত না হলে।
- তথ্য কমিশন যুক্তিসংগত কারণে অভিযোগ দায়েরের সময়সীমা অতিক্রান্ত হলেও অভিযোগ গ্রহণ করতে পারবেন।
- কমিশনে অভিযোগ করা হলে তথ্য কমিশন ধারা ২৫(৪),(৫),(৬),(৭),(৮),(৯),(১০) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।
- দায়েরকৃত অভিযোগ প্রমাণিত হলে তথ্য কমিশন ধারা ২৭ এর বিধানমতে ব্যবস্থা গ্রহণ করবেন।

❖ বাংলাদেশ বেতারের বিভিন্ন কার্যালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তাদের নাম ও টেলিফোন নম্বর, বিভাগীয় প্রধানদের টেলিফোন নম্বর এবং আপীল কর্তৃপক্ষের যোগাযোগের বিবরণ :

তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

ক্রমিক নং	কেন্দ্র/ইউনিটের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	টেলিফোন নম্বর	
			অফিস	মোবাইল
<b>সদর দফতর :</b>				
১	বাংলাদেশ বেতার, সদর দফতর, শাহবাগ, ঢাকা	পরিচালক (প্রশাসন ও অর্থ)	৮৬১৬২৫৪	
২	প্রধান প্রকৌশলীর দপ্তর আগারগাঁও, ঢাকা	প্রধান প্রকৌশলী	৮১১৮৭৩৪	
<b>কেন্দ্রসমূহ :</b>				
৩	জাতীয় বেতার ভবন, ঢাকা	সিনিয়র প্রকৌশলী	৮১২১৯১৩	
৪	বাংলাদেশ বেতার, ঢাকা	আঞ্চলিক পরিচালক	৮১৮১৯০১	
৫	বাংলাদেশ বেতার, চট্টগ্রাম	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক	০৩১-৭১২৭০৯	
৬	বাংলাদেশ বেতার, রাজশাহী	আঞ্চলিক পরিচালক	০৭২১-৭৭৫৯৪০	
৭	বাংলাদেশ বেতার, রংপুর	উপ-আঞ্চলিক পরিচালক	০৫২১-৬২৩৭২	
৮	বাংলাদেশ বেতার, সিলেট	উপ-আঞ্চলিক পরিচালক	০৮২১-৭১৭০৯৩	
৯	বাংলাদেশ বেতার, খুলনা	সহকারী বার্তা নিয়ন্ত্রক	০৪১-৭৬২৪৪৭	
১০	বাংলাদেশ বেতার, বরিশাল	আঞ্চলিক পরিচালক	০৪৩১-৭১২৪৮	
১১	বাংলাদেশ বেতার, কক্সবাজার	আঞ্চলিক পরিচালক	০৩৪১-৬৪৭৭০	
১২	বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি	উপ-আঞ্চলিক প্রকৌশলী	০৩৫১-৭১০০৭	
১৩	বাংলাদেশ বেতার, বান্দরবান	আঞ্চলিক পরিচালক	০৩৬১-৬২৬১১	
১৪	বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও	আঞ্চলিক প্রকৌশলী	০৫৬১-৫৩৪৯৬	
১৫	বাংলাদেশ বেতার, কুমিল্লা	আঞ্চলিক পরিচালক	০৮১-৬৮১২৪	
<b>প্রেরণ কেন্দ্রসমূহ :</b>				
১৬	ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা	আবাসিক প্রকৌশলী	৭৭৮৮১৭৬	
১৭	মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা	সিনিয়র প্রকৌশলী	৭৭৩০১৮১	
১৮	উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫ বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া	আবাসিক প্রকৌশলী	০৫০২৬-৫৬০৭৫	
১৯	উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা	আবাসিক প্রকৌশলী	৭৭৪৩৩৭০	
২০	উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-২ বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা	আবাসিক প্রকৌশলী	৭৭৪৩৪৬৪	
২১	উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩ বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর	আঞ্চলিক প্রকৌশলী	০৪২২২-৭১৩১০	
২২	উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম	আঞ্চলিক প্রকৌশলী	০৩১-৬৭০৬৮৬	

বাংলাদেশ বেতারের বিভাগীয় প্রধানদের যোগাযোগের নম্বর :

উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) : ৮৬১৩৯৪৯  
উপ-মহাপরিচালক (বার্তা) : ৮৬৭৪৯৪৩  
প্রধান প্রকৌশলী : ৮১১৮৭৩৪

আপীল কর্তৃপক্ষ :

মহাপরিচালক  
বাংলাদেশ বেতার  
১২১ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহাবাগ, ঢাকা।  
ফোন নম্বর - ৮৬৫১০৮৩  
ফ্যাক্স নম্বর - ৯৬৬২৬০০  
ই-মেইল - [dgbetar@btcl.net.bd](mailto:dgbetar@btcl.net.bd)

নম্বর : ১৫.৫৩.০০০০.০১৪.১৬.১০২.১২.

৩৪৪

তারিখ : ১২.৮.২০১২

তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর আলোকে তথ্য কমিশন বাংলাদেশ-এর নির্দেশনা অনুযায়ী উপরিবর্ণিত 'স্ব-উদ্যোগে তথ্য প্রকাশ সংক্রান্ত নির্দেশিকা' সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণের জন্য এতদ্বারা জারী করা হলো।



কাজী আখতার উদ্দিন আহমেদ  
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

বাংলাদেশ বেতার

১২১ কাজী নজরুল ইসলাম এভিনিউ

শাহাবাগ, ঢাকা-১০০০।

ফোন নম্বর - ৮৬৫১০৮৩

ফ্যাক্স নম্বর - ৯৬৬২৬০০

ই-মেইল - [dgbetar@btcl.net.bd](mailto:dgbetar@btcl.net.bd)

ফরম 'ক'  
{ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর বিধি ৩ দ্রষ্টব্য }

## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম : -----
- পিতার নাম : -----
- মাতার নাম : -----
- বর্তমান ঠিকানা : -----
- স্থায়ী ঠিকানা : -----
- ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল : -----
- ফোন নম্বর (যদি থাকে) : -----
- পেশা : -----
- ২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : -----
- ৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/  
লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) : -----
- ৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : -----
- ৫। প্রয়োজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : -----
- ৬। তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা : -----
- ৭। আবেদনের তারিখ : -----

-----  
আবেদনকারীর স্বাক্ষর

ফরম 'খ'

{ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর বিধি ৩ দ্রষ্টব্য }

তথ্য সরবরাহের অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বর :

তারিখ :

প্রতি

আবেদনকারীর নাম : -----

ঠিকানা : -----

বিষয় : তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ----- তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা :

১। -----

২। -----

৩। -----

(-----)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী :

দাপ্তরিক সীল :



ফরম 'গ'  
{ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর বিধি ৬ দ্রষ্টব্য }

আপীল আবেদন

- ১। আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ): -----
- ২। আপীলের তারিখ : -----
- ৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) : -----
- ৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার  
ইমসহ আদেশের বিবরণ (যদি থাকে) : -----
- ৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ : -----
- ৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) : -----
- ৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি : -----
- ৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন : -----
- ৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে  
উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন : -----

-----  
আবেদনকারীর স্বাক্ষর

## ফরম 'গ'

{ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর বিধি ৮ দ্রষ্টব্য }

## তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্ন টেবিলের কলাম (২) এ উল্লেখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লেখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা :-

## টেবিল

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য
(১)	(২)	(৩)
১।	লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ)	এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদুর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য।
২।	ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে	(১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে; (২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য।
৩।	কোন আইন বা সরকারী বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে	বিনামূল্যে
৪।	মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে	প্রকাশনায় নির্ধারিত মূল্য

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল আবদুল নাসের চৌধুরী  
সচিব।

ফরম 'ঙ'

{তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা ২০১১ প্রবিধান-৩(১) দ্রষ্টব্য}

অভিযোগ দায়েরের ফরম

অভিযোগ নং----- ।

- ১। অভিযোগকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) :
- ২। অভিযোগ দাখিলের তারিখ :
- ৩। যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা :
- ৪। অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাইবে) :
- ৫। সংস্কৃদ্ধতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সেইক্ষেত্রে উহার কপি সংযুক্ত করিতে হইবে) :
- ৬। প্রার্থিত প্রতিকার উহার যৌক্তিকতা :
- ৭। অভিযোগে উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে) :

সত্যপাঠ

আমি/আমরা এই মর্মে হলফপূর্বক ঘোষণা করিতেছি যে, এই অভিযোগে বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)

## ১.২ তথ্য প্রাপ্তির জন্য প্রাপ্ত অনুরোধ

বাংলাদেশ বেতারের প্রযোজ্য সকল তথ্যই সকলের জন্য উন্মুক্ত থাকে। জনসাধারণের স্বার্থ সংশ্লিষ্ট সকল তথ্য বেতারের যে কোন কর্মকর্তার নিকট প্রযোজ্য ব্যক্তিবর্গ সবসময়েই চাওয়া মাত্রই পেয়ে থাকেন। বেতারে শিল্পী-সম্মানী পরিশোধের ব্যতিক্রমী সংস্কৃতির মত বেতারের সেবাপ্রার্থীদের যথাযথ সম্মান প্রদর্শন এবং তাদের সকল ন্যায্য অধিকার উন্মুক্ত রাখার ঐতিহ্য বেতারের দীর্ঘদিনের আভ্যন্তরীণ সংস্কৃতি। বেতারে শিল্পী, কথক বা সংশ্লিষ্টজন প্রয়োজনীয় জিজ্ঞাসার তাৎক্ষণিক সমাধান পেয়ে থাকেন। ফলে তথ্য প্রদানকারী কর্মকর্তাদের নিকট তথ্য প্রাপ্তির জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর আলোকে বিধিবদ্ধভাবে গত ২০১১-২০১২ অর্থ-বছরে কোন আবেদন পাওয়া যায়নি।